
VESUVIUS

# আচরণ বিধি



# সূচিপত্র

core
আমাদের মূল্যবোধ ........ 03

স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ ........ 05

লেনদেন, গ্রাহক, পণ্যসামগ্রী এবং পরিষেবা ........ 06

ঘুষ-প্রতিরোধ এবং দুর্নীতি ........ 07

কর্মী এবং মানবিক অধিকার ........ 08

প্রকাশনা ও বিনিয়োগকারীগণ ........ 09

সরকার, সমাজ ও স্থানীয় জনগোষ্ঠী ........ 10

স্বার্থ-সংঘাত ........ 11

প্রতিযোগী ........ 12

কথা বলুন ........ 14

## আমাদের মূল্যবোধ

core

COURAGE
OWNERSHIP
RESPECT
ENERGY

ভিসুভিয়াস-এর চারটি সংস্থাগত মূল্যবোধ আমাদের দৈনন্দিন কাজকর্মে প্রাথমিক হিসাবে গণ্য হয়। এতে আমাদের দলগত সংস্কৃতি ও ধারাবাহিক আচরণের বহিঃপ্রকাশ ঘটে। এতে স্টেকহোল্ডারদের কাছে দলগত ভাবমূর্তি কে তুলে ধরা যায়। আমরা আমাদের গ্রাহকদের যে প্রতিশ্রুতি দিয়ে থাকি, সেই প্রতিশ্রুতিরও অন্তর্ভুক্তিকরণ করা হয়।

আমাদের মূল্যবোধগুলি হলো

সাহসিকতা: সাহসিকতা একটি সংস্কৃতি যা কর্মচারী ভয় কাটিয়ে উঠতে এবং বৃদ্ধি ও পরিবর্তনের সাথে মানিয়ে নিতে সাহায্য করে। সাহসিকতার প্রকাশ তখনই ঘটে যখন আমরা হার না মানার পণ করি, যখন কোন ব্যক্তি বাড়তি কিছুটা পথ ব্যক্তিগত স্বার্থে নয়, বরং সংস্থার স্বার্থে অতিক্রম করে।

মালিকানা: আমরা আমাদের কাজ ও আমাদের দলগত প্রচেষ্টার প্রতি দায়িত্বশীল। যে ভাবে আমরা আমাদের সাফল্য উদযাপন করি, ঠিক সেই ভাবেই, কোন অসুবিধা দেখা দিলেও, আমরা তখনই তার সম্মুখীন হই। সংস্থার ও পরস্পরের স্বার্থ সাধন করতে, আমরা প্রত্যেকেই ব্যক্তিগত ভাবে নিজেদের নিয়োজিত করি।

সম্মান: যথাবিধ ও সফল কর্মসংস্কৃতির একটি উল্লেখযোগ্য অংশ হলো সম্মান। পরস্পরের প্রতি, সংস্থার প্রতি ও একে অপরের চিন্তাধারার প্রতি, সেই চিন্তাধারার সাথে আমরা একমত না হলেও আমরা সম্মান প্রদর্শন করি. ভিন্ন মতামত ও ভিন্ন দৃষ্টিকোণকে একত্রিত করে আমরা সংগঠিত মতৈক্য তৈরী করি।

শক্তি: আমরা সফল হতে বদ্ধ পরিকর বদ্ধ পরিকর-এর পর (I) বসবে আমরা সব সময়েই একে অপরকে সাহস জুগিয়ে থাকি এবং আরও ভালো কাজ করার জন্য উৎসাহিত করে থাকি। উচ্চ মানের কাজ করার জন্য সুস্থ ও সঠিক পরিবেশের দরকার। আমরা প্রত্যেকদিন শ্রেষ্ঠত্ব অর্জনে ব্যস্ত থাকি ও তা করতে, আমরা একে অপরকে উদ্বুদ্ধ করি।

## ৮ টি মূল ক্ষেত্রে

আমাদের আচরণ বিধি ৮ টি মূল ক্ষেত্রে কেন্দ্রীভূত থাকেঃ

01 স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ

02 লেনদেন, গ্রাহক, পণ্যসামগ্রী এবং পরিষেবা

03 ঘুষ প্রতিরোধ ও দুর্নীতি বিরোধ

04 কর্মী এবং মানবিক অধিকার

05 উদঘাটন এবং বিনিয়োগকারী

06 সরকার, সমাজ এবং স্থানীয় সম্প্রদায়

07 স্বার্থ সংঘাত

08 প্রতিযোগী

# 01

## স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ



স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশগত বিষয়গুলি হল চিরাচরিত ব্যবস্থাপনার দায়িত্ব। আমরা আমাদের কর্মী, গ্রাহক, সরবরাহকারী, ঠিকাদার, দর্শনার্থী, জনসাধারণ এবং আমাদের কার্যকলাপের দ্বারা প্রভাবিত অন্যান্যদের স্বাস্থ্য ও সুরক্ষার নিরাপত্তা বিধান করব। আমাদের কার্যকলাপের স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশগত দিকগুলির প্রতি সর্বজনীন চিন্তাগুলির প্রতি অবশ্যই গঠনমূলক ধ্যান দিতে হবে।

আমরা করবঃ

- সমস্ত কর্মীদের জন্য স্বাস্থ্যকর, নিরাপদ এবং নির্ভরযোগ্য কর্মস্থলের পরিবেশ প্রদান করব
- আমাদের স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশগত অঙ্গীকারসমূহ এবং বাধ্যবাধকতা পূরণের জন্য যথেষ্ট পরিমাণে মানবিক এবং উপাদানগত সম্পদ এবং প্রশিক্ষণ প্রদান করব
- বিকাশশীল পর্যায়ের প্রাথমিক অবস্থায় নতুন পণ্যসামগ্রী এবং পদ্ধতিসমূহের সম্ভাব্য পরিবেশগত প্রভাব বিবেচনা করব
- পরিবেশে উপাদানসমূহের বিমুক্তি ন্যূনতম করব, নিরাপদে রাখব অথবা বাস্তবিকযোগ্য হলে, এড়াব যা মানবীয় স্বাস্থ্য অথবা পরিবেশকে বিরূপভাবে প্রভাবিত করতে পারে
- উপাদানসমূহ, শক্তি, এবং অন্যান্য সম্পদের সতর্কতামূলক ব্যবহারের দ্বারা বর্জ্য পদার্থ হ্রাস করব এবং পুর্নব্যবহারের প্রক্রিয়াকরণের সর্বোচ্চভাবে প্রচেষ্টা করব
- অ্যালকোহল এবং মাদকদ্রব্য গ্রহণের সাথে জড়িত ঝুঁকিসমূহ থেকে মুক্ত এক কর্ম পরিবেশ প্রদান করব

### + অধিক তথ্য

এই নীতিগুলি ভিসুভিয়াস স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশগত নীতি দ্বারা সমর্থিত যা ভিসুভিয়াসে কর্মরত প্রত্যেককে অবশ্যই পালন করতে হবে।

# 02

## লেনদেন, গ্রাহক, পণ্যসামগ্রী এবং পরিষেবা



আমাদের লক্ষ্য অর্জনে দীর্ঘস্থায়ী, ইতিবাচক গ্রাহক সম্পর্ক হল গুরুত্বপূর্ণ। বর্তমান এবং সম্ভাব্য গ্রাহকদের সাথে সাথে প্রতিনিধি, বন্টনকারী, সরবরাহকারী এবং অন্যান্য ব্যবসায়িক সহযোগীদের সাথে কাজ কারবারের সময় সবার সাথে পারস্পরিক শ্রদ্ধা এবং বিশ্বাসের ভিত্তিতে ন্যায়সঙ্গত এবং সঙ্গতিপূর্ণ আচরণের মাধ্যমে আমাদের অবশ্যই চারিত্রিক শুদ্ধতার বিষয়ে প্রশ্নাতীত সুনাম বজায় রাখতে হবে।

আমরা করবঃ

- সঙ্গতিপূর্ণভাবে উচ্চ মানসম্পন্ন পণ্যসামগ্রী প্রদান করব যা হল নির্ভরযোগ্য, নিরাপদ এবং গ্রাহকের প্রয়োজন পূরণ করতে পারে
- উচ্চ মানসম্পন্ন, নির্ভরযোগ্য বিক্রয়-পরবর্তী পরিষেবা প্রদান করব
- ভিসুভিয়াসের সম্বন্ধে পরিষ্কার, সংক্ষিপ্ত, এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করব এবং আমাদের পণ্যসামগ্রী এবং পরিষেবার বিষয়ে মিথ্যা বা বিপথে পরিচালনা করার বিবৃতি প্রদান থেকে বিরত থাকব
- স্বার্থ-সংঘাত, উপহার এবং ঘুষপ্রদানের বিষয়ে সংস্থাগোষ্ঠীর নীতি সমর্থন সহ সমস্ত ব্যবসায়িক লেনদেন পরিচালনা থেকে দূরে থাকব
- অন্যান্যদের গোপনীয় তথ্য সুরক্ষিত রাখব এবং সেই সমস্ত তথ্য কেবলমাত্র প্রদত্ত উদ্দেশ্যেই ব্যবহার করব, অন্য কোন অসঙ্গত ব্যবসায়িক কার্যকলাপ বা ব্যক্তিগত লাভের জন্য নয়

# 03



## ঘুষ বিরোধিতা ও দুর্নীতি

আমাদের ব্যবসায়িক ক্ষেত্রে আমরা কোন রকমের দুর্নীতিমূলক আচরণ বরদাস্ত করবো না।

এই উদ্দেশ্য সাধন করার জন্য,

- কোন অনৈতিক ব্যবসায়িক স্বার্থ সাধন করার জন্য ভিসুভিয়াসের কোন কর্মী, বা সংস্থার সাথে যুক্ত এজেন্ট, সাপ্লায়ার, যৌথ ব্যবসার অংশীদার ও অন্যান্যরা, নগদ টাকা বা কোন প্রকারের মূল্যবান দ্রব্য ঘুষ বা উপহার হিসাবে সরাসরি বা অন্য কোন ভাবে সরকারি দূত ও সাপ্লায়ার সহ কাউকে দিতে, দান করতে, বা কারোর থেকে পাওয়ার জন্য অনুরোধ করতে পারবেন না।

- আমাদের বা অন্য কারোর ব্যক্তিগত নিরাপত্তার ঝুঁকি দেখা না দিলে, আমরা কোন ভাবেই পেমেন্টের সহজীকরণ করবো না।

- বিনোদন ও আতিথেয়তার ক্ষেত্রে আমাদের অংশগ্রহন স্বাভাবিক ব্যবসায়িক আচরণ হিসাবে পরিলক্ষিত হবে, সমস্ত যুক্তিসঙ্গত পরিস্থিতিতে তা প্রাসঙ্গিক হতে হবে, যথাযোগ্য ও উপযুক্ত হতে হবে, এবং এই অচরণগুলি কোন ভাবেই দুর্নীতির উদ্দেশ্য সাধন করবে না।

### + অধিক তথ্য

এই নীতিগুলি আমাদের ঘুষ-প্রতিরোধ এবং দুর্নীতি নিরোধক নীতি এবং সংশ্লিষ্ট সংস্থাগোষ্ঠী-বিশেষে পালনীয় প্রচেষ্টার দ্বারা সমর্থিত।

# 04

## কর্মী এবং মানবিক অধিকার

কর্মীদের সাথে সরল বিশ্বাসে এবং প্রত্যেক স্বতন্ত্র ব্যক্তির আত্মমর্যাদার প্রতি শ্রদ্ধার ভিত্তিতে আচরণ করতে হবে। ভিসুভিয়াস যেখানে কার্যরত রয়েছে, সেখানে আর্ন্তজাতিক মানবিক অধিকারের মাপকাঠিকে মান্যতা দেয় এবং এর কার্যকলাপে শিশুশ্রমিক বা জোরপূর্বক শ্রমের ব্যবহার সহ্য করবে না।

আমরা করবঃ

- আমাদের কর্মীদের কথা মনোযোগ সহকারে শুনব এবং উৎপাদনশীলতা, কাজের মান এবং কাজের পরিস্থিতি উন্নয়নে তাদের অর্ন্তভুক্ত করব
- এটি নিশ্চিত করব যাতে নিয়োগ, প্রশিক্ষণ, পদোন্নতি, জীবিকার উন্নয়ন, সমাপ্তিকরণ এবং একই প্রকারের কাজ-সংক্রান্ত বিষয়গুলি ন্যায্য, স্বচ্ছ থাকে এবং একক ব্যক্তির সামর্থ্য, কার্যক্ষমতা, অভিজ্ঞতা এবং আচরণের ভিত্তিতে পরিচালিত হয় এবং জাতি, রঙ, জাতীয়তাবোধ, সংস্কৃতি, আদি নৃতাত্ত্বিক শ্রেণী, ধর্ম, লিঙ্গ, যৌনতার প্রকারভেদ, বয়স, অক্ষমতা অথবা অন্য কোন কারণ ব্যতীত হয় যা কার্য সম্পাদনের সাথে যুক্ত নয় বা প্রযোজ্য আইন অনুযায়ী নিষিদ্ধ নয়
- প্রভেদ বা হয়রানি সহ্য করা প্রত্যাখান করব
- কাজের পরিবেশ প্রদান করব যা আমাদের কর্মীদের শারীরিক বা মানসিক মঙ্গলামঙ্গলের উপর কোন নেতিবাচক প্রভাব ফেলে না
- কর্মীদের তাদের দক্ষতা এবং অভিজ্ঞতা অনুযায়ী এবং, যতদূর সম্ভব বাস্তবিকযোগ্য, ব্যবসায়ে সফলতার উপরেও পারিশ্রমিক প্রদান করব
- আমাদের কর্মীদের গুরুত্বপূর্ণ ঘটনা বিষয়ের সাথে সাথে সংস্থাগোষ্ঠীর দূরদৃষ্টি, লক্ষ্য এবং পরিকল্পনাসমূহকেও অবহিত করব যা তাদের প্রভাবিত করছে
- কর্মীদের সাথে খোলামেলা, অকৃত্রিম এবং শ্রদ্ধাপূর্বক যোগাযোগ রাখব
- কর্ম-সম্পর্কিত বিবাদের সমাধানে কার্যকর পদ্ধতি বজায় রাখব
- কর্মী রেকর্ড গোপনীয় রাখব এবং কেবলমাত্র বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব, ব্যবহার করব এবং প্রকাশ করব

### + অধিক তথ্য

এই নীতিগুলি আমাদের কর্ম নীতি এবং আমাদের মানবিক অধিকার নীতি দ্বারা সমর্থিত।

# 05

## উদঘাটন এবং বিনিয়োগকারী



শেয়ারহোল্ডারগণ ভিসুভিয়াসের মালিক। আমরা আমাদের ব্যবসা দায়িত্বপূর্ণভাবে পরিচালনা করব যাতে নিরবিধি এবং লাভজনক বৃদ্ধি উৎপাদিত হয় এবং শেয়ারহোল্ডারদের মূল্য বন্টন করা যায়। সংস্থাগোষ্ঠীর পরিসম্পদ সংরক্ষণে এবং সুরক্ষিত রাখতে সম্পদের বিচক্ষণ ও কার্যকর ব্যবহারের জন্য বিশেষ যত্ন প্রদান করতে হবে।

আমরা করবঃ

- বই এবং রেকর্ডগুলি রক্ষণাবেক্ষণ করবো যেগুলি এক শক্তিশালী নিয়ন্ত্রণ ব্যবস্থার সহায়তায় সঠিক ও ন্যায্যভাবে নেওয়া লেনদেন এবং ব্যবসায়ের আর্থিক অবস্থা প্রতিফলিত করে
- বিনিয়োগকারীদের নিয়মিতভাবে এবং সময়মাফিক নির্ভুল আর্থিক তথ্য এবং সংস্থাগোষ্ঠীর পরিস্থিতির বিষয়ে ভারসাম্যযুক্ত মূল্যায়ন প্রদান করব যা সহজেই বোধগম্য হবে
- যৌথ ব্যবসায়িক পরিচালনায় সর্বোত্তম আচরণে নিয়োজিত থাকব
- পরিচালনা বা সংস্থাগোষ্ঠীর ব্যবসার বিষয়ে বিনিয়োগকারীর প্রশ্নাবলীর স্পষ্টভাবে উত্তর দেব
- সমস্ত বিনিয়োগকারীর সাথে সঙ্গতিপূর্ণ এবং ন্যায্য আচরণ করব এবং একজন বিনিয়োগকারীর পরিবর্তে অন্য বিনিয়োগকারী বা বিনিয়োগকারী শ্রেণীকে সুবিধা প্রদান করা থেকে বিরত থাকব
- আমাদের কর্তব্য সম্পাদনে, আমাদের পরামর্শদাতা এবং হিসাব পরীক্ষকের সাথে যোগাযোগে, এবং বিনিয়োগকারী সম্প্রদায়ের সাথে যোগাযোগেও আমরা অকপট, অকৃত্রিম এবং পেশাদারী হব
- প্রকাশিত না হওয়া পর্যন্ত সমস্ত অভ্যন্তরীণ তথ্য গোপনীয় রাখব এবং ভিসুভিয়াসের শেয়ার লেনদেনে এগুলির ব্যবহার করব না অথবা এরকম উদ্দেশ্যে সেগুলি অন্যান্যদের ব্যবহার করতে দেব না

### + অধিক তথ্য

এই নীতিগুলি আমাদের পরিচালন নীতি, আর্থিক রিপোর্টিং নীতি এবং সংস্থার সিক্যুরিটি এবং অভ্যন্তরীণ তথ্যের কারবারের নীতি দ্বারা সমর্থিত।

# 06



## সরকার, সমাজ এবং স্থানীয় সম্প্রদায়

আমরা যেখানেই ব্যবসা করি, ভাল যৌথ ব্যবসায়িক নাগরিক হবার চেষ্টা করি। আমরা রাজনৈতিক কার্যকলাপ এবং করপ্রদান সহ সকল জাতীয় এবং স্থানীয় আইন, আদেশনামা এবং প্রতিবিধান পালন করব।

আমরা করবঃ

- আমরা স্থানীয় সংস্কৃতির বিষয়ে অবহিত থাকব, সংস্থাগোষ্ঠীর সবার মধ্যে অভিজ্ঞতা আদানপ্রদানে উৎসাহ প্রদান করব এবং খাপ খাইয়ে নিতে সমর্থ হব, উদ্ভাবনশীল হব এবং স্থানীয় সম্প্রদায়ের প্রতি আচরণে সংবেদনশীল হব

- আঞ্চলিক এবং স্থানীয় সমস্যা, প্রথা এবং রীতির প্রতি শ্রদ্ধাশীল হব এবং গণ্য করব

- সমস্ত সার্বজনীন কার্যকলাপে, আমরা এই আচরণবিধিতে বর্ণিত ঘুষ প্রতিরোধ ও দুর্নীতিবিরোধী রীতি এবং স্থানীয় আইন কানুন অনুসারে নৈতিকতার সাথে আচরণ করবব

### + অধিক তথ্য

এই নীতিগুলি মানবিক অধিকার নীতি দ্বারা সমর্থিত।

# 07

## স্বার্থ-সংঘাত



সংস্থাগোষ্ঠীর সর্বোত্তম স্বার্থে কর্মীবৃন্দ, অফিসারগণ এবং পরিচালকদের কাজ করা হল একটি কর্তব্য, এবং নিজেদের বা অন্যদের লাভবান করে তুলতে তাদের নিজেদের পদমর্যাদার ব্যবহার করবেন না অথবা সংস্থাগোষ্ঠীর সর্বোত্তম স্বার্থের বিরুদ্ধে কাজ করবেন না। যেগুলিতে ব্যক্তিগত স্বার্থের সাথে সংস্থাগোষ্ঠীর স্বার্থের সংঘাত হতে পারে বা মনে হতে পারে অথবা অসঙ্গতভাবে আমাদের কর্তব্য সম্পাদনে প্রভাব খাটাতে পারে, সেগুলিকে অবশ্যই পরিহার করতে হবে। সবসময় এই স্বার্থ-সংঘাত এড়ানো সম্ভব নয় এবং তাই যেখানে কোন কর্মীর স্বার্থ, অথবা তার পরিবার অথবা ঘনিষ্ঠ সম্পর্কের সাথে সংস্থাগোষ্ঠীর স্বার্থের সংঘাত আসে অথবা সংঘাতে গুরুত্বপূর্ণ ঝুঁকি থাকে, সেখানে কর্মীকে অবশ্যই সেই সংঘাত বা সম্ভাব্য সংঘাতটিকে অবিলম্বে নিজের সরাসরি সম্পর্কযুক্ত ম্যানেজারের গোচরে আনতে হবে।

কর্মী কখনই করবেন নাঃ

- যেসমস্ত বহিঃস্থ সংস্থাগুলি ব্যবসা করছে বা গোষ্ঠীর সাথে প্রতিযোগিতায় রয়েছে, সেইসব সংস্থার সাথে, এই রকম সম্পর্ক স্থাপনের বিষয়ে কর্তৃপক্ষের আগাম সম্মতি ব্যতীত, সংস্থাগোষ্ঠীর পক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষ ব্যবসা, আর্থিক অথবা অন্যান্য সম্পর্কে জড়িত হবেন না

- কর্তৃপক্ষের আগাম সম্মতি ব্যতীত, কোন লেনদেনে সংস্থাগোষ্ঠীর প্রতিনিধিত্ব করবেন না যেখানে তাদের অথবা সংশ্লিষ্ট পক্ষের কোন ব্যক্তিগত স্বার্থ থাকে

- সংস্থাগোষ্ঠী বা ব্যবসায়িক সহযোগীদের বিষয়ে গোপনীয় তথ্য অসঙ্গতভাবে প্রকাশ করবেন না অথবা অন্যভাবে ব্যবহার করবেন না

- সংস্থাগোষ্ঠীর সাথে প্রতিযোগিতা করবেন না বা অন্যান্যদের প্রতিযোগিতা করতে সাহায্য করবেন না

- কোন বহিঃস্থ বোর্ড বা বাণিজ্যিক সংস্থায় কাজ করবেন না যদি না সেই বোর্ডের সদস্যপদ সংস্থাগোষ্ঠীর কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হয়ে থাকে এবং দেখা যায় যে সংস্থাগোষ্ঠীর স্বার্থের সাথে কোন সংঘাত হচ্ছে না

- কোন ব্যবসায়িক সহযোগী বা প্রতিযোগীর কাছ থেকে ব্যক্তিগত লাভের জন্য কোন অর্থ চাইবেন না বা গ্রহণ করবেন না

- কোন ব্যবসায়িক সহযোগী বা প্রতিযোগীর কাছ থেকে অর্থ-ব্যতীত অন্য কোন উপহার, পরিষেবা বা অন্যান্য সামগ্রী গ্রহণ করবেন না যদি হয় বা মনে হয় যে তা তাদের স্বতন্ত্রতা অথবা পেশাদারি বিচারে অসঙ্গতভাবে প্রভাব খাটাবে

# 08

## প্রতিযোগী

আমরা বলিষ্ঠ, সৎভাবে প্রতিদ্বন্দ্বিতা করব, এবং বেআইনিভাবে প্রতিদ্বন্দ্বিতামূলক সুবিধা চাইব না।

আমরা করবঃ

- আমাদের প্রতিযোগীদের সাথে কখনই বাণিজ্যিক সংবেদনশীল তথ্যের (মূল্য, ক্ষমতা, উৎপাদন, বিক্রয় পরিমাণ, বাজারে অংশের পরিমাণ, বাণিজ্যিক কৌশল বা খরচসহ) আদানপ্রদান করব না
- অনৈতিকভাবে কোন প্রতিযোগীর বিষয়ে তথ্য আহরণে বিরত থাকব
- কখনই সীমিতমূলক বা গোপন ষড়যন্ত্রমূলক ব্যবসায়িক আচরণে নিয়োজিত থাকব না অথবা বাজার পরিস্থিতির কোন অপব্যবহার করব না
- মিথ্যা অথবা বিপথে চালিত করার মন্তব্য বা আমাদের প্রতিযোগিদের বা তাদের পণ্যসামগ্রীর দাবীসহ কোন অসাধু প্রতিযোগিতায় নিয়োজিত হবো না

### + অধিক তথ্য

এই নীতিগুলি আমাদের প্রতিযোগিতা এবং বিশ্বাস-প্রতিরোধ নীতি দ্বারা সমর্থিত।

## তথ্যের গোপনীয়তা রক্ষণ

ভিসুভিয়াস-এর সাথে যুক্ত ব্যক্তিদের গোপনীয়তা রক্ষা করতে ও তাদের সম্মান রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। নিজের তথ্যটা কীভাবে পরিচালিত হচ্ছে, তা জানার অধিকার সকলেরই আছে। কার্য পরিচালনা করার জন্য, ভিসুভিয়াস তার কর্মী, গ্রাহক, সরবরাহকারী (সাপ্লায়ার) ও অন্যান্য পক্ষের ব্যক্তিগত তথ্য সংগ্রহ, সঞ্চয় ও পরিচালিত করতে পারে। ভিসুভিয়াস এই তথ্যগুলির আইনি ও সঠিক পদ্ধতিতে দেখভাল করার প্রয়োজনীয়তা বোঝে। ভিসুভিয়াসের তথ্য সুরক্ষা নীতি, বিশ্বব্যাপী তথ্য সুরক্ষা আইনের নীতিগুলিকেই প্রতিফলিত করে ও কিভাবে আমরা আমাদের তথ্য সুরক্ষা বিষয়ক দিকগুলির প্রতি এগবো তা নির্ধারণ করে। যদি আমাদের নীতি অথবা আইনগুলি স্থানীয় আইনের তুলনায় কঠোরতর হয়, তা হলেও আমরা আমাদের নিজেস্ব মানই বজায় রাখব।

## কার্যকর করা নিশ্চিত করবো

আমাদের কোড-এর নীতিগুলির সাথে সামঞ্জস্য রেখে ব্যবসায়িক বিষয়গুলির পরিচালনা করা আবশ্যিক। অনেক ক্ষেত্রেই, আমাদের বিবেচনাগুলিকে প্রয়োগ করার প্রয়োজন পড়বে। কোড-এর অর্থ বা সুযোগগুলির ব্যাপারে যদি আপনারা কোন দ্বিধায় থাকেন, তবে দয়া করে আমাদের সুপারভাইজার বা অন্য যে কোন গ্রূপ কতৃপক্ষের সাথে যোগাযোগ করুন। এই কোড মান্য না করলে, তার পরিণতি ভিসুভিয়াস ও তার কর্মী, দুই পক্ষের জন্যেই জরিমানা, শাস্তি ,সুনাম নষ্ট ও অপরাধমূলক দৃষ্টিভঙ্গি থেকে অত্যন্ত গুরুতর হতে পারে। কোড অমান্য করা হচ্ছে, এমন কোন তথ্য জানা গেলে বা মনে হলে, উপযুক্ত তদন্ত করা হবে। প্রয়োজন অনুসারে, প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়া হবে যাতে, শাস্তি হিসাবে বরখাস্ত পর্যন্ত করা হতে পারে। এই কোডটি-কে, নিয়মিত পর্যালোচনা করা হবে। এটিকে কীভাবে মান্য করা হচ্ছে, আমরা তাও পর্যবেক্ষণ করবো। এই কোড সম্পর্কে কোন মতামত থাকলে তা গ্রূপ জেনারেল কাউন্সেল কে জানানো উচিত।

# Speak Up

ভিসুভিয়াস বিশ্বব্যাপী সমস্ত প্রযোজ্য আইন, ভিসুভিয়াস আচরণ বিধি এবং ভিসুভিয়াস নীতি ও প্রক্রিয়ার সাথে সঙ্গতি রেখে খুব উচ্চ স্তরের নৈতিক মানদণ্ড মান্য করে থাকে।
আপনার কোনো প্রকার উদ্বেগ, সংশয় বা সন্দেহ থাকলে যত দ্রুত সম্ভব যে কোনো একটি প্রতিবেদন-যোগ্য চ্যানেলের মাধ্যমে আপনার প্রতিবেদন দাখিল করা উচিত।

CONFIDENTIAL

SPEAK UP

INDEPENDENT

## কীভাবে?

**ব্যক্তিগত ভাবে:**
আপনার লাইন-ম্যানেজার-এর কাছে বা বিকল্প ব্যবস্থা হিসাবে যার সাথে আপনার কথা বলতে স্বস্তিবোধ হয় বরিষ্ঠ ম্যানেজমেন্ট-এর এমন যে কোনো সদস্যের কাছে আপনি এই বিষয়ে প্রতিবেদন দাখিল করতে পারেন। ব্যক্তিগত ভাবে দাখিল করা সব রকমের প্রতিবেদন গোপনীয় রাখা হবে।

**ফোন বা অনলাইনের মাধ্যমে:**
নিম্নে উল্লিখিত নাম্বার ব্যবহার করে আমাদের ২৪ ঘন্টা সক্রিয় গোপন ফ্রি* ফোন Speak up হেল্পলাইনে যোগাযোগ করুন অথবা অনলাইন অভিযোগ করার জন্য ভিজিট করুন www.expolink.co.uk/vesuvius. আপনার অভিযোগ সংবেদনশীলতা ও গোপনীয়তার সাথে আলোচিত হবে। অভিযোগকারীদের পরিচয় গোপন রাখা হবে।

## এর পরে কি হয়?

সমস্ত প্রাপ্ত প্রতিবেদন যথাযথ গুরুত্ব সহকারে ও গোপনীয় ভাবে রাখা হবে এবং আভ্যন্তরীণভাবে উপযুক্ত স্তরে প্রক্রিয়াকরণ করা হবে। যারা প্রতিবেদনটি করেছেন তাদের কি উপায়ে এটি বিবেচনা করা হ'ল এবং এর ফলাফল কি হতে পারে সব বিষয়েই সময় মতো জানানো হবে।

**কোনো উদ্বেগের প্রতিবেদন করার জন্য যে চ্যানেলই ব্যবহার করা হোক না কেন, কোনো কর্মীকেই তার নিজের শুভ-বিশ্বাসে করা প্রতিবেদনের কারণে কখনও শাস্তি প্রদান বা প্রাপ্ত কোনো সুযোগ থেকে বঞ্চিত করা হবে না। গৃহীত তথ্য যথাযথ সংবেদনশীলতা এবং গোপনীয়তার সাথে বিবেচনা করা হবে এবং যারা প্রতিবেদন দাখিল করে সরব হয়েছেন তাদের বিরুদ্ধে কোনো প্রকার প্রতিহিংসামূলক মনোভাব বরদাস্ত করা হবে না।**

ভিসুভিয়াস এর সব কর্মীরা, যারা ভিসুভিয়াস এর প্রতিনিধিত্ব করেন এবং যারা এই সংস্থার হয়ে কাজ করেন তাদের সকলকে, তারা বিশ্বের যে প্রান্তেই থাকেন না কেন, তাদেরকে আচরণ বা নীতি বা আইন ভঙ্গ করা সম্পর্কে কোন উদ্বেগ বা সংশয় দেখা দিলে সেগুলির বিষয়ে সরব হওয়া সহ আইন, আচরণ বিধি এবং নীতি মেনে চলতে হবে।

VESUVIUS


Vesuvius plc
165 Fleet Street
London EC4A 2AE

T +44 (0)20 7822 0000
www.vesuvius.com


February 2020 (Bengali)